

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬১৩

আগরতলা, ২৫ অক্টোবর, ২০২৪

ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও প্রস্তাবিত হাসপাতালের
অগ্রগতি খতিয়ে দেখতে উচ্চপর্যায়ের কমিটি গঠন

ন্যাশন্যাল মেডিকেল কাউন্সিলের নিয়ম মেনে ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ এবং পশ্চিম ত্রিপুরা জেলার মধুবনস্থিত রাণীরখামারে কলেজের সঙ্গে সংযুক্ত প্রস্তাবিত হাসপাতালের পরিকাঠামো এবং উন্নয়নমূলক কাজকর্ম, পঠন পাঠন, হাসপাতাল স্থাপন এবং রোগীদের পরিষেবা প্রদান ইত্যাদি বিষয়গুলি খতিয়ে দেখার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকারের উদ্যোগে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিতে রয়েছেন স্বাস্থ্য অধিকারের অধিকর্তা, স্বাস্থ্য শিক্ষা অধিকারের অধিকর্তা, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ, ত্রিপুরা মেডিকেল কলেজ অ্যান্ড ড. বিআরএএম টিচিং হাসপাতালের অধ্যক্ষ, আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের অধ্যক্ষ, পিডব্লিউডি এর আগরতলা সার্কেলের সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, স্বাস্থ্য অধিকারের অ্যাকাউন্টস অফিসার। এই কমিটি ৩০ দিনের মধ্যে প্রাথমিক রিপোর্ট জমা দেবেন এবং ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তির চূড়ান্ত অনুমোদন ন্যাশনাল মেডিকেল কাউন্সিল কর্তৃক দেওয়া পর্যন্ত প্রতি ছয় মাস অন্তর রিপোর্ট জমা দেবে।
